চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং অনুষদের অধীনে কলেজ/ইনস্টিটিউটে ১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭ (১ম সেমিস্টার-জুলাই, ২০১৭)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং অনুষদের অধীনে নিউক্যাসেল ইউনিভার্সিটি কলেজ, চট্টগ্রাম এবং চিটাগাং ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, চট্টগ্রাম -এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ৪(চার) বছর মেয়াদী সেমিস্টার পদ্ধতিতে ১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্সে (১ম সেমিস্টার- জুলাই, ২০১৭) ভর্তির জন্য নিম্নেবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্ত কোর্সসমূহে যোগ্যতাসম্পন্ন ভর্তিচ্ছুদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	কোর্সের নাম
১.	নিউক্যাসেল ইউনিভার্সিটি কলেজ, ২৪৫, অলি খাঁ মসজিদের পূর্ব পার্শ্বের মোড়, কাপাসগোলা রোড, চকবাজার, চট্টগ্রাম। ফোন নম্বর: ০১৯৭৭৪৫৫৪৯৪	(ক) বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (খ) বি.এসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং
২.	চিটাগাং ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (সিআইইটি), ১২৯, মুরাদপুর, সিটিসি ভবন (ফরেস্ট গেইটের বিপরীতে), চট্টগ্রাম। ফোন নম্বর: ০১৮১৯৬৯৩৯৮৭	(ক) বি.এসসি ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (খ) বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (গ) বি.এসসি ইন ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ঘ) বি.এসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং

১. আবেদন ফরম চ.বি. ইঞ্জিনিয়ারিং অনুষদ কার্যালয় বা অধ্যক্ষের কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে অথবা চ.বি. ওয়েবসাইট (www.cu.ac.bd) থেকে ডাউনলোড করা যাবে। অগ্রণী ব্যাংক, চ.বি. শাখার অনুকূলে ও ডিন, ইঞ্জিনিয়ারিং অনুষদ, চ.বি. বরাবর অগ্রণী ব্যাংক এর যে কোন শাখা থেকে ৫০০/-(পাঁচশত) টাকার পে-অর্ডার ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ০১ জুন, ২০১৭ তারিখ থেকে ১৩ জুলাই, ২০১৭ তারিখের মধ্যে অফিস সময়ে জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

২. **ভর্তির যোগ্যতা :** যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১২ থেকে ২০১৪ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষা ও ২০১৫ বা ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় অথবা ২০১০ থেকে ২০১২ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষা ও ২০১৫ বা ২০১৬ সালের ৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নে বর্ণিত যোগ্যতা আছে; তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।

এ অনুষদের অন্তর্গত অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহে ১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ (স্কেল ৫.০০ এর মধ্যে) পেতে হবে। কারিগরি শিক্ষাবোর্ড হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে উত্তীর্ণদের মাধ্যমিক বা সমমান এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.৮৫ (স্কেল ৯.০০ এর মধ্যে) থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ (স্কেল ৫.০০ এর মধ্যে) এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৪০ (স্কেল ৪.০০ এর মধ্যে) পেতে হবে।

৩. **পরীক্ষার মানবন্টন :** ভর্তি পরীক্ষায় লিখিত পরীক্ষার মান ৪০ নম্বর। ভর্তি পরীক্ষায় ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়ন ও গণিত প্রতি বিষয়ে মান ১০ নম্বর। লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের মোট জিপিএ'র ৬০% যোগ করে সর্বমোট ৫০ নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা তৈরী করা হবে। ভর্তি পরীক্ষায় মোট ৫০ নম্বরে পাস নম্বর ২০। উক্ত তালিকা থেকে মোট আসন সংখ্যা অনুযায়ী চূড়ান্ত নির্বাচিত মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের পছন্দক্রমানুযায়ী ও মেধাক্রমানুসারে প্রস্তুত করে ফলাফল প্রকাশ করা হবে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের পছন্দক্রম ও মেধাক্রমানুযায়ী সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউটে ভর্তি করা হবে।

৪. আবেদন ফরমের সাথে মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি জমা দিতে হবে এবং দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করে দিতে হবে।

৫. এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা নেয়া হবে এবং পরীক্ষার সময়কাল ৩০ মিনিট।

৬. ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাক্রম এবং ভর্তিচ্ছুদের পছন্দক্রম অনুসারে কলেজ/কোর্স চূড়ান্ত করা হবে।

৭. **ভর্তি পরীক্ষার সময়সূচি :**

ভর্তি পরীক্ষার তারিখ	১৮ জুলাই ২০১৭
ভর্তি পরীক্ষার স্থান	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষার সময়	সকাল ১০:০০ টা থেকে ১০:৩০ টা পর্যন্ত

হেল্প লাইন: ০১৮১৯৬৯৩৯৮৭, ০১৯৭৭৪৫৫৪৯৪, (সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত)
বিস্তারিত তথ্যাদি চ.বি. ওয়েবসাইটে (www.cu.ac.bd) পাওয়া যাবে।

২৮-৫-১৭

(এস.এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও
সদস্য-সচিব
অধিভুক্ত (মেডিকেল ও ডেন্টাল কলেজ ব্যতিত)
কলেজ/ইনস্টিটিউটসমূহে ভর্তি কমিটি

Sadar/F:\all Documents-2\Admision\Affiliated College.doc

পরিশিষ্ট : ১

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং অনুষদের অধীনে
কলেজ/ইনস্টিটিউটে ১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্সে
(১ম সেমিস্টার-জুলাই, ২০১৭) ভর্তি পরীক্ষার আবেদন ফরম
শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগিয়ে উপরে সত্যায়িত করতে হবে।

ক্রমিক নং: [ ]

১. আবেদনকারীর নাম : (বাংলায়) --

(মাধ্যমিক/সমমান পরীক্ষার সার্টিফিকেট অনুসারে) : (ইংরেজিতে) --
(বড় হাতের অক্ষরে)

২. পিতার নাম : --

৩. মাতার নাম : --

৪. জন্ম তারিখ : --

৫. বর্তমান ঠিকানা : --
----

৬. স্থায়ী ঠিকানা : --
----

৭. শিক্ষাগত যোগ্যতা

উত্তীর্ণ পরীক্ষার বিবরণ (গ্রুপ উল্লেখ করতে হবে)	বিদ্যালয়/কলেজ/ইনস্টিটিউটের নাম	অধীত বছর .... সন হতে .... সন পর্যন্ত	পাশের বছর	প্রাপ্ত জিপিএ/সিজিপিএ

৮. ফোন/মোবাইল নম্বর : --

৯. পিতা/মাতার ফোন/মোবাইল নম্বর: --

১০. শুধুমাত্র ১ম পছন্দক্রম: ১. টিক মার্ক (✓) দিন ☐ নিউক্যাসেল ইউনিভার্সিটি কলেজ
২. টিক মার্ক (✓) দিন ☐ চিটাগাং ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (সিআইইটি)

তারিখ ------------------ ---------------------------
আবেদনকারীর স্বাক্ষর

✂..

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং অনুষদের অধীনে
কলেজ/ইনস্টিটিউটে ১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্সে
(১ম সেমিস্টার-জুলাই, ২০১৭) ভর্তি পরীক্ষার আবেদন ফরম
শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগিয়ে উপরে সত্যায়িত করতে হবে।

ক্রমিক নং: [ ]

প্রবেশ পত্র

লিখিত পরীক্ষা : সকাল ১০:০০ টা থেকে, স্থান: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

নাম : --

পিতার নাম : --

মাতার নাম : --

ভর্তি পরীক্ষার রোল নং : ------------------------ ভর্তি পরীক্ষার তারিখ : ১৮ জুলাই ২০১৭

স্বাক্ষর
ডিন, ইঞ্জিনিয়ারিং অনুষদ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

Sadar/F:\all Documents-2\Admision\Affiliated College.doc